গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

## কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ সালাহউদ্দিন, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৮/০৬/২০২৫খ্রিঃ, দুপুর- ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : সকল সদস্যবৃন্দ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাত হতে উন্নত জাতের আম চারা ব্যবহারের মাধ্যমে আমের উৎপাদন বৃদ্ধির জন্য চারা সহায়তা বাবদ অগ্রাধিকার তালিকাভুক্ত প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক পরিবারের মাঝে বিনামূল্যে আম চারা বিতরণ প্রণোদনা কর্মসূচির ০১টি এবং গ্রামীণ বিদ্যালয়সমূহের ৬ষ্ঠ-১২শ শ্রেণীর প্রতি শিক্ষার্থীকে (কৃষক পরিবারের সদস্য) ০১টি নিম, ০১টি বেল, ০১টি জাম এবং ০১টি কাঁঠাল (মোট ০৪টি করে) চারা বিতরণ প্রণোদনা কর্মসূচীর ০১টি বরাদ্দ পাওয়া যায়। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় আম চারা ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ১,৮৭,৫০০/- (এক লক্ষ সাতাশি হাজার পাঁচশত) টাকার এবং অপর ০৪টি জাতের চারা অন্যান্য অনুদান ব্যয় বাবদ ৮,২৫,০০০/-(আট লক্ষ পঁচিশ হাজার) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৪.২৫.২০৪ তারিখ ১৭/০৬/২০২৫খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৫.২০৭, তারিখ ১৭/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রদ্বয় পাঠ করে শুনানো হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

**সিদ্ধান্ত নং-১ ঃ** কক্সবাজার জেলায় উন্নত আম চাষাবাদ ও অপর ০৪টি (০১টি নিম, ০১টি বেল, ০১টি জাম ও ০১টি কাঁঠাল) ফলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কৃষি পুনর্বাসন সহায়তা বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

এ কর্মসূচীর আওতায় সহায়তা নিম্নরূপ- **ফসল ঃ** আম চারা এবং ০৪টি ফলের চারা (০১টি নিম, ০১টি বেল, ০১টি জাম ও ০১টি কাঁঠাল)

১। আম চারা প্রণোদনায় প্রতি কৃষক পরিবার ০৫টি করে উন্নত জাতের আম চারা পাবে।
২। প্রতি শিক্ষার্থী (কৃষক পরিবারের সদস্য) ০৪টি (০১টি নিম, ০১টি বেল, ০১টি জাম ও ০১টি কাঁঠাল) চারা পাবে।
৩। বিশেষ ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান বাদেও পুর্নবাসন কমিটির সিদ্ধান্ত অনুসারে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে চারা প্রদান করা যাবে।

**ফসলঃ আম**

| ক্র নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | চারার পরিমাণ (সংখ্যা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৫+৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় (৬+৭) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | চকরিয়া | ১০০ | ৫০০ | ৩০০০০ | ৭০০ | ৫০০ | ১২০০ | ৩১২০০ |
| ২ | পেকুয়া | ৫০ | ২৫০ | ১৫০০০ | ৫০০ | ২৫০ | ৭৫০ | ১৫৭৫০ |
| ৩ | রামু | ১০০ | ৫০০ | ৩০০০০ | ৪০০ | ৫০০ | ৯০০ | ৩০৯০০ |
| ৪ | সদর | ৫০ | ২৫০ | ১৫০০০ | ২০০ | ২৫০ | ৪৫০ | ১৫৪৫০ |
| ৫ | উখিয়া | ৫০ | ২৫০ | ১৫০০০ | ৪০০ | ২৫০ | ৬৫০ | ১৫৬৫০ |
| ৬ | টেকনাফ | ১০০ | ৫০০ | ৩০০০০ | ১০০০ | ৫০০ | ১৫০০ | ৩১৫০০ |
| ৭ | মহেশখালী | ৫০ | ২৫০ | ১৫০০০ | ৫০০ | ২৫০ | ৭৫০ | ১৫৭৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ২৫০ | ১৫০০০ | ৫০০ | ২৫০ | ৭৫০ | ১৫৭৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ২৫০ | ১৫০০০ | ৩০০ | ২৫০ | ৫৫০ | ১৫৫৫০ |
| | মোট- | ৬০০ | ৩০০০ | ১৮০০০০ | ৪৫০০ | ৩০০০ | ৭৫০০ | ১৮৭৫০০ |

CamScanner

এ প্রণোদনা কর্মসূচীর আওতায় শিক্ষার্থী (কৃষক পরিবারের সদস্য) প্রতি সহায়তা নিম্নরূপ-

| শিক্ষার্থী (কৃষক পরিবারের সদস্য) প্রতি উপকরণ বা আর্থিক সহায়তা | | | | |
|---|---|---|---|---|
| | | আর্থিক সহায়তা | | |
| ক্র নং | উপকরণ/খাত | শিক্ষার্থী (কৃষক পরিবারের সদস্য) প্রতি উপকরণ সহায়তা | একক মূল্য (টাকা) | শিক্ষার্থী (কৃষক পরিবারের সদস্য) প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ০১ | চারা | ৪ | ২৫ | ১০০ |
| ০২ | পরিবহণ | ৪ | ১.৫ | ৬ |
| ০৩ | আনুষাঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ৪ | ১ | ৪ |
| | মোট- | | | ১১০/- |

ফসলঃ নিম, বেল, জাম ও কাঁঠাল

| ক্র নং | উপজেলার নাম | শিক্ষার্থীর (কৃষক পরিবারের সদস্য) সংখ্যা (জন) | চারার পরিমাণ (সংখ্যা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৫+৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৬+৭) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | চকরিয়া | ১৫০০ | ৬০০০ | ১৫০০০০ | ৯০০০ | ৬০০০ | ১৫০০০ | ১৬৫০০০ |
| ২ | পেকুয়া | ৫০০ | ২০০০ | ৫০০০০ | ৪০০০ | ২০০০ | ৬০০০ | ৫৬০০০ |
| ৩ | রামু | ১০০০ | ৪০০০ | ১০০০০০ | ৫০০০ | ৪০০০ | ৯০০০ | ১০৯০০০ |
| ৪ | সদর | ৫০০ | ২০০০ | ৫০০০০ | ৩০০০ | ২০০০ | ৫০০০ | ৫৫০০০ |
| ৫ | উখিয়া | ১০০০ | ৪০০০ | ১০০০০০ | ৫০০০ | ৪০০০ | ৯০০০ | ১০৯০০০ |
| ৬ | টেকনাফ | ১০০০ | ৪০০০ | ১০০০০০ | ৬০০০ | ৪০০০ | ১০০০০ | ১১০০০০ |
| ৭ | মহেশখালী | ১০০০ | ৪০০০ | ১০০০০০ | ৬০০০ | ৪০০০ | ১০০০০ | ১১০০০০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০০ | ২০০০ | ৫০০০০ | ৪০০০ | ২০০০ | ৬০০০ | ৫৬০০০ |
| ৯ | ঈদগাঁও | ৫০০ | ২০০০ | ৫০০০০ | ৩০০০ | ২০০০ | ৫০০০ | ৫৫০০০ |
| | মোট- | ৭৫০০ | ৩০০০০ | ৭৫০০০০ | ৪৫০০০ | ৩০০০০ | ৭৫০০০ | ৮২৫০০০ |

সিদ্ধান্ত নং-২ ঃ এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/শিক্ষার্থী/প্রতিষ্ঠানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক চারা সহায়তা দেওয়া হবে। ০১ জন উপকারভোগী কৃষক/কৃষানীকে কেবলমাত্র ০১টি কর্মসূচির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। অনুমোদিত তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত নং-৩ ঃ কর্মসূচিদ্বয়ের অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত নং-৪ ঃ সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ, ও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত নং-৫ ঃ কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উন্নত জাতের আম চারা হর্টিকালচার সেন্টার হতে এবং নিম, বেল, জাম ও কাঁঠাল চারা স্থানীয় উপযোগিতার ভিত্তিতে বিএডিসি/হর্টিকালচার সেন্টার/স্থানীয় নার্সারী হতে নির্ধারিত মুল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুর্নবাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। কাঙ্খিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

সিদ্ধান্ত নং-৬ ঃ ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সিদ্ধান্ত নং-৭ ঃ এ কার্যক্রমসমূহ বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে অত্র প্রণোদনা/পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারকে নিশ্চিত করতে হবে।

CamScanner

সিদ্ধান্ত নং-৮ঃ কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০. ০০০০.০২৬. ৩৮.০০৪.২৫.২০৪ তারিখ ১৭/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০. ০২৬.৩৮.০০৯.২৫.২০৭, তারিখ ১৭/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত জিও'র আলোকে প্রদত্ত নির্দেশনার মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় (কপি সংযুক্ত)।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ সালাহউদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৪.৪৪৭ তারিখ: ১৮/০৬/২০২৫খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।
১০-১৮। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে
১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকষর্নে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৭। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। এম. এম ফিরোজ উদ্দিন, ---------স্থানীয় প্রতিনিধি, কক্সবাজার।
৯। অফিস কপি

১৮/০৬/২০২৫
ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

CamScanner